

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-১৪০-আইন/২০২৩/২১৭-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৫৮ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৭-আইন/২০২০/১০৮-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত-

(অ) শিরনামা সংখ্যা ২৪.০২ ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ২৪০২.২০.০০ এর বিপরীতে কলাম (৪) ও (৫) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

প্রতি দশ শলাকা সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য (প্যাকেটের গায়ে সর্বোচ্চ খুচরা মূল্য, সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার এবং ফ্লেভোরিং ক্যাপসুল সম্বলিত সিগারেট বাজারে নিম্ন স্তরে সরবরাহের ফলে ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধির কারণে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধি পাইতে পারে বিধায় স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ফ্লেভোরিং ক্যাপসুল সম্বলিত সিগারেট মধ্যম স্তরের নিম্নে সরবরাহ না করিবার শর্তে)	
নিম্ন স্তর- ৪৫ টাকা ও তদূর্ধ্ব	৫৮
মধ্যম স্তর- ৬৭ টাকা ও তদূর্ধ্ব	৬৫
উচ্চ স্তর- ১১৩ টাকা ও তদূর্ধ্ব	৬৫
অতি উচ্চ স্তর- ১৫০ টাকা ও তদূর্ধ্ব	৬৫

(আ) শিরনামা সংখ্যা ২৪.০৩ ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ২৪০৩.৯৯.০০ এর বিপরীতে কলাম (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

জর্দা	প্রতি দশ গ্রাম ৪৫ টাকা	৫৫
গুল	প্রতি দশ গ্রাম ২৩ টাকা	৫৫

(খ) অনুচ্ছেদ-২ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ-২ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“২। সর্বোচ্চ খুচরা মূল্যে সিগারেট সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে উপরি-উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত মূল্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য হিসাবে গণ্য হইবে এবং কলাম (৩) এ বর্ণিত পণ্যসামগ্রীর স্থানীয় সরবরাহ পর্যায়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, কলাম (৪) এ উল্লিখিত সর্বোচ্চ খুচরা মূল্যের উপর প্রযোজ্য হারে উৎপাদনস্থল হইতে সরবরাহের সময় পরিশোধ করিতে হইবে এবং সর্বোচ্চ খুচরা মূল্যের অধিক মূল্যে কোন পর্যায়েই সিগারেট বিক্রয় করা যাইবে না।”।

২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(জাকিয়া সুলতানা)
সদস্য (মুসক নীতি)